

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বিরল, দিনাজপুর।

উপজেলা পরিষদ, মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটির সেপ্টেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণীঃ
সভাপতিঃ জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

তারিখ : ০৮/০৯/২০২৩খ্রিঃ

সময় : ১২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ

- ০১। জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০২। চেয়ারম্যান, ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৩। চেয়ারম্যান, ০৯নং মঙ্গলপুর ইউ, পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৪। চেয়ারম্যান, ১০নং রানীপুকুর ইউ, পি বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৫। মহিলা ওয়ার্ড সদস্য, ০৩নং ওয়ার্ড ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সদস্য সচিব) বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত

আলোচ্য বিষয়ঃ

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। ইউনিয়ন পর্যায়ে ভিডলিউবি(ভিজিডি) উপকারভোগীদের মাঝে খাদ্য শস্য বিতরণ সঞ্চয় জমা বিষয়ে আলোচনা।
- ০৩। নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা।
- ০৪। জয়িতা অন্বেষণে বাংলাদেশ এর আওতায় জয়িতা নির্বাচনের বিষয়ে আলোচনা।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় আজকের সভার মূল আলোচ্য বিষয় জানতে চাইলে কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিরল উপজেলায় ১২টি ইউনিয়নে চলমান ২০২৩-২০২৪ ভিডলিউবি(ভিজিডি) চক্রের ২২৩৬ জন উপকারভোগীর মাঝে প্রতিজন ৩০ কেজি করে পুষ্টিচাল বিতরণ করা হচ্ছে। সদস্য সচিব আরও বলেন যে, প্রতিমাসে পর্যায়ক্রমে ১২টি ইউনিয়নে নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। সদস্য সচিব আরও বলেন যে, প্রতি বছরের ন্যায় ০৫ (পাঁচ)টি ক্যাটাগরী অনুযায়ী জয়িতা নির্বাচনের নির্দেশনা পাওয়া যায়। নির্দেশনা পত্রটি সভায় উপস্থাপন করেন। সে মোতাবেক সভাপতি মহোদয় সকল ইউ,পি চেয়ারম্যান এবং বিভিন্ন এনজিওকে জয়িতা আবেদনের পত্র প্রেরণ করা যেতে পারে বলে মত পোষণ করেন।

সদস্য সচিব আরও জানান যে, এছাড়াও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে জাইকার অর্থ্যানে টেকসই উন্নয়নের লক্ষ্যে বেকার যুব নারীদের নকশী কাঁথা সেলাই বিষয়ে প্রশিক্ষণ ও টেকসই উন্নয়নের লক্ষ্যে বেকার নারীদের ই-কর্মা/অন লাইন মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১২০৬১৫৭১
(ফিরোজা বেগম)

সভাপতি

উপজেলা পরিষদ মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।